JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/5/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ডেনি ফেরেল রিভারব্যাঙ্ক স্টেট পার্কে (DENNY FARRELL RIVERBANK STATE PARK) পারফর্মিং আর্টসের জন্য 2.8 মিলিয়ন মার্কিন ডলারের রবার্ট ফ্রেডারিক স্মিথ সেন্টার (ROBERT FREDERICK SMITH CENTER) উদ্বোধন করার কথা ঘোষণা করেছেন।

বিনিয়োগকারী এবং জনহিতৈষী রবার্ট ফ্রেডেরিক স্মিথ 1 মিলিয়ন মার্কিন ডলার উপহার দ্বারা সমর্থিত সাংস্কৃতিক পারফরম্যান্স সেন্টার পুনরুজ্জীবিত করার প্রকল্প

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ হারলমের ডেনি ফেরেল রিভারব্যাঙ্ক স্টেট পার্কে পার্ফর্মিং আর্টসের জন্য রবার্ট ফ্রেডেরিক স্মিথ সেন্টার উদ্বোধন করার কথা ঘোষণা করেন। উদ্বোধনী অনুষ্ঠানটি উদযাপন করা হবে *দ্য লাস্ট শো উইথ স্টিফেন কলবার্ট (The Late Show with Stephen Colbert)* ব্যান্ডলিডার জন বাটিস্টের সাথে, আর তার সাথে সমাজের কিছু সর্বাধিক প্রতিভাবান কিছু শিল্পীদের সাথে। পারফরম্যান্স স্পেসটি জনহিতৈষী এবং ভিস্টা ইক্যুইটি পার্টনার্সের (Vista Equity Partners) প্রতিষ্ঠাতা, চেয়ারম্যান ও চিফ অপারেটিং অফিসার রবার্ট ফ্রেডেরিক স্মিথের 2.8 মিলিয়ন মার্কিন ডলারের সংস্কারের ফেসিলিটি পুনর্বাসনের মোট খরচের 1 মিলিয়ন মার্কিন ডলার দানের স্বীকৃতিস্বরূপ নামকরণ করা হয়েছে।

"ডেনি ফেরেলের আদর্শের মডেলটি ছিল ভাল সরকারের মূল, কারণ এটি এমন কিছু করার বিষয় সম্পর্কে ছিল যা মানুষের জীবনে এক প্রকৃত পার্থক্য সৃষ্টি করে", **গভর্নর কুওমো বলেন।** "এই নতুন পারফরম্যান্স আর্টস সেন্টারটি ঠিক সেই কাজই করবে, আমাদের স্টেট পার্ক সিস্টেমের একটি গহনাকে সমৃদ্ধ করবে এবং সমাজ ও তার বাইরের অসংখ্য জীবনকে স্পর্শ করবে। এটি ডেনি ফেরেল রিভারব্যাঙ্ক স্টেট পার্কের জন্য একেবারে উপযুক্ত এবং নিউ ইয়র্ক পরিবার রবার্ট ফ্রেডেরিক স্মিথের কাছে কৃতজ্ঞ সেটি হতে সাহায্য করার জন্য।"

"পুনরুজ্জীবিত ডেনি ফেরেল রিভারব্যাঙ্ক স্টেট পার্কের পারফর্মিং আর্টস সেন্টারটি অঞ্চলটিকে নানা ক্রিয়াকলাপ, সাংস্কৃতিক এবং বিনোদনমূলক কাজকর্মে এলাকাটিকে পরিপূর্ণ করবে", **লেফ্টেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "দ্য পারফর্মিং আর্টসের জন্য রবার্ট ফ্রেডেরিক স্মিথ সেন্টার এছাড়াও সারা বছর জুড়ে সমাজ এবং শিক্ষামুলক কর্মসূচীতে অংশগ্রহণের জন্য শিশুদের এবং পরিবারগুলিকে সুযোগ প্রদান করবে। এই ফেসিলিটিটি বছরে হাজার হাজার লোককে এলাকার মানুষ্কে একত্রিত করে, স্থানীয় পর্যটন শিল্পকে বৃদ্ধি করে এবং সামগ্রিক অর্থনীতিকে শক্তিশালী করে।"

সাংস্কৃতিক পারফর্ম্যান্স কেন্দ্রটি রিভারব্যাঙ্কের সর্বাধিক জনপ্রিয় এবং প্রাণবন্ত বৈশিষ্ট্যগুলির মধ্যে একটি হিসাবে কাজ করে - প্রতি বছর বহু সামাজিক, শিক্ষাগত, এবং কর্মক্ষমতা সম্পর্কিত

ক্রিয়াকলাপ এবং ইভেন্টগুলির হোস্ট করে। ব্যালে, জ্যাজ এবং অর্কেস্ট্রা পারফরম্যান্স থেকে শুরু করে ক্লাস, গ্রীষ্মকালীন ক্যাম্পের ক্রিয়াকলাপ এবং কমিউনিটি প্রোগ্রামগুলি সহ, এই ফেসিলিটি বছরে 60,000 এরও বেশি মানুষকে স্বাগত জানায়।

"পারফর্মিং আর্টস সেন্টারটি সব সময় এই এলাকার সাংস্কৃতিক বুনোটের এক মূল্যবান অংশ। সঙ্গীত এবং শিল্প মানুষকে একত্রিত করে এবং আমাদের সমাজকে শক্তিশালী করে", **রবার্ট ফ্রেডেরিক স্মিথ বলেন।** "কেন্দ্রটি আধুনিকীকরণ করার আমার কাছে ভীষণ অর্থবহ কারণ এর প্রভাব তার পরিধীর বাইরে অনেকখানি বিস্তার করে, সমস্ত পরিবার এবং সম্পাদনকারীদের জীবনে, যারা অনুপ্রেরণা পেয়েছেন একত্রিত হবার এবং তাদের কল্পনা, প্রতিভা এবং হারলেমের জন্য ভালবাসা পরস্পরের মধ্যে ভাগ করে নেওয়ার।"

জ্যাজ পিয়ানোবাদক জন বাটিস্টের একটি পার্ফর্ম্যান্স নিয়ে কেন্দ্রটি উদ্বোধন করা হবে, এই সম্প্রদায়ের সব চেয়ে প্রতিভাবান শিল্পীদের কিছু সম্পাদন দ্বারা সন্ধ্যাটি মুখরিত হবে। বটিস্টে বিভিন্ন ধরণের সঙ্গীত শিল্পীর সাথে রেকর্ড করেছেন এবং পার্ফরম করেছেন এবং নিয়মিত তার ব্যান্ড স্টে হিউম্যানের সাথে ভ্রমণ করেন এবং রাতে *দ্য লেট শো ইউথ স্টিফেন কলবার্টে* আবির্ভূত হয়েছেন ব্যান্ডলিডার এবং মিউজিকাল ডিরেক্টর হিসাবে। বাটিস্টে দ্য আটলান্টিকের (The Atlantic) সঙ্গীত পরিচালক এবং হারলেম ন্যাশানাল জ্যাজ মিউজিয়ামের (National Jazz Museum) ক্রিয়েটিভ ডিরেক্টর হিসেবেও কাজ করেন। অন্যান্য পার্ফরমারদের মধ্যে মার্চিং কোব্রাস, হার্লেম রেনেসাঁ কয়ার, সেলিস্ট স্টার্লিং এলিয়ট, ক্যাটালিস্ট কোয়ার্টেট, জ্যাজ ট্রাম্পেটার শ্যারিফ ক্লেয়টন এবং NYO-মার্কিন যুক্তরাষ্ট্রের উইন্ড কুইন্টেট অন্তর্ভুক্ত।

ভারপ্রাপ্ত স্টেট পার্কস কমিশনার এরিক কুলেসেইড বলেন, "প্রকল্পটি কেন্দ্রটিকে শ্রোতা সদস্যদের কাছে আরো বেশি স্বাগত করে তুলবে এবং উৎপাদন মূল্য বৃদ্ধি করবে, পার্কের এই প্রিয় এলাকাটিতে আরও বেশি প্রাণবন্ততা নিয়ে আসবে। আমি গভর্নর কুওমো, রবার্ট ফ্রেডেরিক স্মিথ এবং সকল অংশীদারের কাছে কৃতজ্ঞ ডেনি ফেরেল রিভারব্যাঙ্ক স্টেট পার্কের সমৃদ্ধির উদ্দেশ্যে অঙ্গীকারবদ্ধতার জন্য।"

কিম এলিমান, OSI সভাপতি ও প্রধান নির্বাহী কর্মকর্তা, বলেন, "এই সাংস্কৃতিক পার্ফর্ম্যান্স কেন্দ্রটি আপগ্রেড করার জন্য এবং এই স্থানটি শিল্পকলাকে উপভোগ করার জন্য সামাজিকীকরণ, উদযাপন, এবং অভিজ্ঞতার জন্য স্থানটি যারা ব্যবহার করেন তাদের সকলের সামগ্রিক অভিজ্ঞতা বাড়ানোর উদ্দেশ্যে এই উত্তেজনাপূর্ণ প্রকল্পে ওপেন স্পেস ইনস্টিটিউট (Open Space Institute, OSI) তার ভূমিকা পালন করতে পারার জন্য গর্বিত। এই প্রকল্পের প্রতি তাদের নেতৃত্ব ও প্রতিশ্রুতির জন্য রবার্ট স্মিথ এবং লুসি রকফেলার ওয়ালেটস্কিকে ধন্যবাদ। আমরা ডার্স্ট পরিবার, অ্যালফ্রেড পি. স্লোন ফাউন্ডেশন, রকফেলার ফাউন্ডেশন (Rockefeller Foundation), রকফেলার ব্রাদার্স ফান্ড এবং পার্সনস ফ্যামিলি ফাউন্ডেশনের সমর্থনের জন্য আমরা কৃতজ্ঞ, যারা এই সম্প্রদায়ের শৌখীন বস্তুটির পুনর্জাগরণকে বাস্তবায়নের জন্য OSIতে যোগদান করেন।"

নিউ ইয়র্ক স্টেটের পার্ক কাউন্সিলের (New York State Council of Parks) সভাপতি লুসি রকফেলার ওয়ালেটজস্কি বলেন, "এই অনুজ্জ্বল অডিটোরিয়ামটি একটি অসাধারণ পারফর্মিং আর্টস

এবং সঙ্গীত, নৃত্য এবং হাসিতে ভরপুর এক সামাজিক স্থান হিসেবে রূপান্তরিত হতে দেখতে পাওয়া রোমাঞ্চকর। আমি রবার্ট এফ. স্মিথ এবং এই নতুন সাংস্কৃতিক কেন্দ্রকে সমর্থন করার জন্য সবাই যারা এগিয়ে এসেছিলেন তাদের প্রতি কৃতজ্ঞ, যা আমি নিশ্চিত যে, পরবর্তী বহু প্রজন্মের জন্য সম্প্রদায়ের কার্যকলাপের একটি প্রাণবন্ত ও আনন্দদায়ক স্থান হয়ে থাকবে।"

সিনেটর রবার্ট জ্যাকসন বলেন, "পারফর্মিং আর্টসের জন্য রবার্ট ফ্রেডেরিক স্মিথ সেন্টারের পুনর্বাসন সম্পূর্ণ হতে দেখা খুবই আনন্দের। আমি মিঃ স্মিথ, গভর্নর কুওমো এবং অন্যান্য সর্বজনীন এবং ব্যক্তিগত অংশীদারদের ধন্যবাদ জানাই যারা এই উন্নতিগুলিকে করা সম্ভব করে তুলেছেন। এই ফেসেলিটি আমার জেলাতে যে সমস্ত চমৎকার প্রোগ্রামিং আকর্ষণ করবে তা দেখার জন্য উন্মুখ। আমার সব চেয়ে পছন্দের মেন্টর প্রয়াত ডেনি ফেরেলের উত্তরাধিকারকে সম্মান করার জন্য এই প্রকল্পটি একটি দুর্দান্ত উপায়।"

সিনেটর ব্রায়ান এ. বেঞ্জামিন বলেন, "আমি আনন্দিত যে এই নতুন ফেসিলিটিটি ডেনি ফেরেল রিভারব্যাঙ্ক স্টেট পার্ক হারলেমের বাসিন্দাদের পরিষেবা প্রদান করা চালিয়ে যেতে এবং তাদের একটি পারফর্মিং আর্টস স্থানের অ্যাক্সেস প্রদান করতে দেবে। আমাদের পার্কগুলি আমাদের এলাকার এবং সমাজের একটি গুরুত্বপূর্ণ অংশ- সংসদ সদস্য ফেরেল নিউ ইয়র্ক স্টেট তার উত্তরাধিকারকে সম্মান জানানোর জন্য যা করছে তার জন্য গর্বিত হতেন।"

সংসদ সদস্য আল টেলর বলেন, "রবার্ট এফ. স্মিথের উদার সমর্থন হারলেমের একটি প্রিয় প্রতিষ্ঠানকে নতুন জীবন দিয়েছে। প্রতি বছর লক্ষ লক্ষ নিউ ইয়র্কবাসীরা ডেনি ফেরেল রিভারব্যাঙ্ক স্টেট পার্ক যে সুবিধাগুলি প্রদান করে তা উপভোগ করেন এবং এখন এই অবিশ্বাস্য উপহার এবং বেসরকারি ও সরকারি অংশীদারদের উদারতার কারণে, হারলেম আগামী বহু বছর ধরে শৈল্পিক অভিব্যক্তি এবং কর্মক্ষমতার কেন্দ্র হিসাবে তার স্থান বজায় রাখবে।"

ম্যানহাটান বোরো প্রেসিডেন্ট গেল ব্রুয়ার বলেছেন, "যখন আপনি সমাজের মূল্যবান সম্পদগুলির কথা ভাবেন, তখন ডেনি ফেরেল রিভারব্যাঙ্ক স্টেট পার্কের সাংস্কৃতিক পারফরমেন্স আর্টস সেন্টারটির কথা অবিলম্বে মনে আসে। এই সুন্দর পারফরম্যান্স আর্টস কেন্দ্রের সংস্কারের জন্য আমি অবদান রাখতে পেরে আনন্দিত, এবং আমি এই আশ্চর্যজনক প্রকল্পের অর্থায়নের জন্য যারা একত্রে কাজ করেছে এমন সকলকে আমি ধন্যবাদ জানাই।"

নিউ ইয়র্ক সিটি কাউন্সিলের সদস্য মার্ক লেভিন বলেন, "কয়েক দশক ধরে, রিভারব্যাঙ্ক স্টেট পার্ক আমাদের ম্যানহাটান সমাজের অসংখ্য সদস্যের জন্য একটি মূল্যবান সম্পদ হয়ে রয়েছে। আমি রবার্ট স্মিথের অসাধারণ উদারতা এবং সমস্ত অংশীদারদের অঙ্গীকারবদ্ধতার প্রশংসা করি যারা কেন্দ্রটির পুনরুজ্জীবন যাতে আশ্চর্যজনক বিনোদনমূলক এবং কর্মক্ষমতা সুযোগ প্রদান করা চালিয়ে যেতে পারে তা নিশ্চিত করে।"

ডুর্স্ট অর্গানাইজেশনের (Durst Organization) আলেকজান্ডার ডুর্স্ট বলেন, "ডেনি ফেরেল রিভারব্যাঙ্ক স্টেট পার্কের পারফর্মিং আর্টসের জন্য রবার্ট ফ্রেডেরিক স্মিথ সেন্টারের পুনরুজ্জীবনে এক ভূমিকা নিতে পেরে আমরা গর্বিত। প্রকল্পটি OSI এবং নিউ ইয়র্ক স্টেট অফিস অফ পার্কস

এন্ড রিক্রিয়েশনের (Office of Parks and Recreation) মধ্যে এক উত্তেজনাপূর্ণ সহযোগিতা ছিল, যা আপার ম্যানহ্যাটানের জন্য একটি সুন্দর সাংস্কৃতিক ও পারফর্ম্যান্স কেন্দ্র গড়ে তোলার উদ্দেশ্যে জনহিতৈষী সম্প্রদায় এবং বেসরকারি সেক্টরের সুবিধা গ্রহণ করেছিল।"

আলফ্রেড পি. স্লোন ফাউন্ডেশনের (Alfred P. Sloan Foundation) সিনিয়র ভাইস প্রেসিডেন্ট লিসেল লিন বলেন, "ডেনি ফেরেল রিভারব্যাঙ্ক স্টেট পার্কের আপগ্রেড করা কালচারাল পারফরম্যান্স সেন্টারের উদ্বোধনী পর্যায়ে উপস্থিত থাকা অত্যন্ত উত্তেজনাপূর্ণ। উন্নতিগুলি এবং প্রযুক্তিগত উন্নয়ন ইতিমধ্যে ব্যবহার করা সিভিক এবং পার্ফরম্যান্স কেন্দ্রের মান বৃদ্ধি করবে।"

নিউইয়র্ক সিটি রিজিওনাল পার্কস কমিশন (New York City Regional Parks Commission) এবং নেচারাল হেরিটেজ ট্রাস্টের (Natural Heritage Trust) সাথে অংশীদারিতে ওপেন স্পেস ইনস্টিটিউট দ্বারা শুরু হওয়া ক্যাপিটাল ক্যাম্পেইনে স্মিথের উপহার সব চেয়ে বড় অবদান, যা সরকারি ও বেসরকারি অনুদান ও দানগুলিতে প্রায় 2.8 মিলিয়ন মার্কিন ডলার জোগাড় করেছে। অন্যান্য প্রধান সহায়তা এসেছে লুসি আর. ওয়ালেটস্কি, ম্যানেজিং ডিরেক্টর (MD), ডুর্স্ট অর্গানাইজেশন, আলফ্রেড পি. স্লোন ফাউন্ডেশন এবং দ্য রকফেলার ফাউন্ডেশন থেকে এসেছে। গভর্নর কুওমোর নিউ ইয়র্ক পার্কস 2020 (NY Parks 2020) প্রোগ্রাম এবং প্রয়াত সংসদ সদস্য ডেনি ফেরেলের কাছ থেকে সরকারী সহায়তা পাওয়া গেছে, যার জন্য গত বছর পার্কটির আবার নামকরণ করা হয়েছিল, এবং সেই সাথে ম্যানহাটান বোরোর প্রেসিডেন্ট গেল এ. ব্রুয়ার এবং নিউ ইয়র্ক সিটি কাউন্সিলের সদস্য মার্ক লেভাইনের থেকেও সহায়তা পাওয়া যায়।

গভর্নর কুওমোর নেতৃত্বের অধীনে, নিউ ইয়র্ক স্টেট বাহ্যিক বিনোদন প্রসারিত করার এবং পার্কগুলি উন্নত করতে ঐতিহাসিক অঙ্গীকারবদ্ধতা প্রদর্শন করছে। [গভর্নরের নিউ ইয়র্ক পার্ক্স 2020 কার্যক্রম](#) একটি বহু-বার্ষিক অঙ্গীকারবদ্ধতা স্টেট পার্ক সিস্টেমকে পুনরুজ্জীবিত করার জন্য. 2019-20 সালের স্টেট বাজেট এই উদ্যোগের জন্য 110 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ করেছে।

নিউ ইয়র্ক স্টেট অফিস অফ পার্ক্স, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ (New York State Office of Parks, Recreation and Historic Preservation) 250টিরও বেশি স্বতন্ত্র পার্কের, ঐতিহাসিক স্থান, গলফ কোর্স, নৌকার ঘাট ও বিনোদনমূলক ভ্রমণপথের তত্ত্বাবধান করে, যে গুলো দেখতে প্রতি বছর 74 মিলিয়ন মানুষ আসেন। এই বিনোদনমূলক এলাকাগুলি সম্পর্কে তথ্যের জন্য, দেখুন parks.ny.gov।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন